



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd



প্রেস রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে

"তথ্য প্রযুক্তির অগ্রযাত্রায় বঙ্গবন্ধুর অনুপ্রেরণা" শীর্ষক ওয়েবিনার অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ০৩ ফেব্রুয়ারি ২০২২।

বরিশাল বিশ্ববিদ্যালয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উদযাপনের ধারাবাহিক কর্মসূচির অংশ হিসেবে "তথ্য প্রযুক্তির অগ্রযাত্রায় বঙ্গবন্ধুর অনুপ্রেরণা" শীর্ষক ওয়েবিনার অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের আয়োজনে ০৩ ফেব্রুয়ারি বিকাল ৩ টায় ওয়েবিনারটি অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে যুক্ত ছিলেন বাংলাদেশ সরকারের ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের মন্ত্রী জনাব মোস্তফা জব্বার। প্রধান অতিথির বক্তব্যে ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রী বলেন, ডিজিটাল বাংলাদেশের বীজ বপন করে গেছেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান যার বাস্তব রূপ দিয়েছেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বঙ্গবন্ধু উন্নত বিশ্বের চ্যালেঞ্জ মোকাবেলায় তথ্য প্রযুক্তির প্রয়োজনীয়তা উপলব্ধি করতে পেরেছিলেন। তিনিই প্রথম বেতুনিয়ায় ভূ-উপগ্রহ কেন্দ্র স্থাপন এবং টিএনটি বোর্ড গঠনের মাধ্যমে বাংলাদেশকে পৃথিবীর কাছে পরিচিত করেছেন। শুধু মাত্র প্রযুক্তির ক্ষেত্রেই নয় বরং বঙ্গবন্ধু প্রতিটি ক্ষেত্রেই বাংলাদেশকে অনন্য উচ্চতায় নিয়ে যেতে সক্ষম হয়েছিলেন। বঙ্গবন্ধুর দূরদর্শী নেতৃত্বের কারণেই এটি সম্ভব হয়েছে। শিক্ষার্থীদের উদ্দেশ্যে প্রধান অতিথি আরও বলেন, তোমরা যারা তথ্য প্রযুক্তির জ্ঞান অর্জন করছ তারা নিজেদের উদ্ভাবনগুলোকে সহজভাবে জনগণের কাছে পৌঁছে দিবে। অন্যথায় এ উদ্ভাবন দেশ ও দেশের মানুষের কল্যাণে সঠিকভাবে কাজে আসবে না। ওয়েবিনারে মূল বক্তব্য উপস্থাপন করেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সদস্য অধ্যাপক ড. সাজ্জাদ হোসাইন। বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন এর সভাপতিত্বে অনুষ্ঠিত ওয়েবিনারে স্বাগত বক্তা ছিলেন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান ড. মোঃ মঞ্জুর আহমেদ। বক্তব্য রাখেন সিএসই বিভাগের ৩য় বর্ষের শিক্ষার্থী কাজী মাফরুহা হক ও শেষ বর্ষের শিক্ষার্থী এ বি এম আনাস। ওয়েবিনারে বরিশাল বিশ্ববিদ্যালয়ের সিএসই বিভাগের শিক্ষক, শিক্ষার্থীসহ অন্যান্যরা যুক্ত ছিলেন। ওয়েবিনারটি সঞ্চালনা করেন সিএসই বিভাগের সহকারী অধ্যাপক মোঃ সামসুদ্দোহা এবং সিএসই বিভাগের প্রভাষক সোহেলী জাহান।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস